

টিভি স্টেশন বিষয়ক তথ্যসমূহ

ভিডিও ফাইলগুলোতে যেসব তথ্য রয়েছে ...

- ডাউনলোড করা যায় এমন ভিডিও ফাইলগুলো ‘এমপি-৪’ ফরম্যাটে রাখা আছে। তবে টেলিভিশনে প্রচারের জন্য এসব ভিডিও-র টেকনিক্যাল মান উপযুক্ত নয়।
- আপনার টেলিভিশনে ভিডিওগুলো প্রচার করতে চাইলে অনুগ্রহ করে আমাদের মিডিয়া ডেস্ক-এ যোগাযোগ করুন : media@accessagriculture.org যোগাযোগের পরিপ্রেক্ষিতে আপনার টিভি স্টেশনের-এর সাথে আমাদের চুক্তি সাপেক্ষে হাই-রেজুলেশন ভিডিওগুলোতে আপনি ঢুকতে পারবেন।
- আপনার অবগতির জন্য জানিয়ে রাখা হচ্ছে যে, আমাদের ভিডিওগুলো সম্পূর্ণ প্রচার হতে হবে এবং কোনো ভিডিও এডিট করা যাবে না।

ভিডিও ফাইল ব্যবহারের ধারণাসমূহ :

- উন্নত কৃষির জন্য বছরের কোন সময়ে কোন ভিডিও উপযুক্ত তা বিবেচনা করে সম্প্রচারের মাধ্যমে আপনার দর্শকদের অবহিত করুন
- কয়েকজন কৃষকসহ একজন কৃষিসেবা সম্প্রসারণকর্মী, বা মন্ত্রণালয়ের কর্মকর্তা বা কোনো এনজিও-র প্রতিনিধিকে দাওয়াত করে একটি ভিডিও দেখিয়ে আলোচনার সূত্রপাত করুন।
- ভিডিওতে যে বিষয়টি উপস্থাপিত হবে তার উপর ‘ফোন ইন’ অনুষ্ঠানও করতে পারেন।
- আমাদের ভিডিওটিকে আপনি কৃষি, খাদ্য ও গ্রামীণ উন্নয়নের জন্য টিভি-ম্যাগাজিন অনুষ্ঠানের মতো করেও সম্প্রচার করতে পারেন।

কমিউনিটির মানুষের মধ্যে নিজের পরিচিতি বাড়ান ...

- অ্যাকসেস অ্যাগ্রিকালচারের সাথে চুক্তি সাপেক্ষে আপনার দর্শকদের জন্য বাড়তি সেবা হিসেবে ভিডিওগুলো বিতরণ করতে পারেন।
- দর্শকদের মনে করিয়ে দিন যে, অন্যান্য বিষয়ের ভিডিও-ও অ্যাকসেস অ্যাগ্রিকালচার-এর ওয়েবসাইটে পাওয়া যায়
- আপনার দর্শকদের জন্য অনুষ্ঠানের আয়োজন করুন। যেমন- কৃষি প্রদর্শনী, যার মাধ্যমে আপনি দর্শকদের কাছ থেকে সরাসরি তাদের প্রতিক্রিয়া জানতে পারবেন।
- আপনার কৃষিবিষয়ক কন্টেন্টগুলো [Agtube](https://www.youtube.com) এ আপলোড করতে পারেন, এবং এসব ভিডিও যদি ইতোমধ্যেই ‘ইউটিউব’ বা ‘ভিমিও’-তে আপলোড করা থাকে তবে যেকোনো জায়গা থেকে কপি করা যাবে।
- আপনার উদ্ভাবনী কাজগুলোর বিষয়ে আমাদের জানান এবং অ্যাকসেস অ্যাগ্রিকালচারের ওয়েবসাইটে আপনার সাফল্যের গল্পগুলো স্থান পেতে দিন
- অন্যদের আপনার কাজ দেখতে দিন ; নিজের অনন্যতা প্রকাশ করুন

অন্য ভাষাসমূহ

- আপনি যদি মনে করেন যে, আপনার এলাকার আঞ্চলিক ভাষায় কোনো কোনো ভিডিও-র চাহিদা রয়েছে তবে আমাদের সাথে এই ঠিকানায় যোগাযোগ করুন : media@accessagriculture.com
- আপনার কি বিভিন্ন ভাষায় অনুষ্ঠানগুলো অনুবাদ ও রেকর্ডিং করার দক্ষতা রয়েছে ? যদি থাকে, তবে আমাদের সাথে যোগাযোগ করুন এবং ঠিক কোন বিষয়ে আপনার দক্ষতা রয়েছে তা জানান।

মনে রাখবেন !

অনুষ্ঠানের প্রতিটি পর্যায়ের বিস্তারিত বর্ণনা করায় মনোযোগী হতে হবে।
সবসময় মানসম্পন্ন অনুষ্ঠান তৈরি করতে লক্ষ্য স্থির থাকতে হবে।